

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩০৩.২০১২- ২৮

তারিখঃ ২৪/০১/২০১৮ খ্রিঃ।


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮০৫২/২০১২ মামলার গত ৩০/০৭/২০১৩খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নের জন্য লিগ্যাল নোটিশের জবাব প্রসঙ্গে।

- সূত্রঃ (১) জনাব মোঃ মোবারক আলী, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রেরিত গত ১৯/১১/২০১৭খ্রিঃ তারিখের উকিল নোটিশ;
(২) আইন-২ শাখার স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩১৭.২০১২-২৪৬, তারিখঃ ০৩/১২/২০১৭ খ্রিঃ;
(৩) প্রধান প্রকৌশলী, ডিপিএইচই'র গত ১০/১২/২০১৭খ্রিঃ তারিখের ২৩৪৯ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ০৪(চার) জন কর্মচারী বাদী হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৮০৫২/২০১২নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৩০/০৭/২০১৩ তারিখে রায়ে মামলার বাদীদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য রেসপন্ডেন্টগণকে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক মামলার বাদীদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণ করা হয়েছে। কিন্তু বাদীদের চাকুরির ধারাবাহিকতাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য ১নং সূত্রে উকিল নোটিশ প্রদান করেছেন। উক্ত নোটিশের জবাব নোটিশ প্রদানকারী বিজ্ঞ আইনজীবী ও এ বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী, ডিপিএইচই'কে সূত্রোক্ত ২নং স্মারকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং স্মারকে উল্লেখ করা হয়েছে যেহেতু প্রকল্প সমাপ্তির সাথে সাথে পিটিশনারদের চাকুরি সমাপ্ত হয়েছে এবং বর্ণিত পিটিশনারগণ অত্র অধিদপ্তরে কর্মরত ছিলেন না এবং প্রকল্প সমাপ্তির পর হতে রাজস্ব বাজেটে আত্মীকরণের পূর্ব পর্যন্ত পিটিশনারদের বিষয়ে তথ্যাদি অত্র অধিদপ্তরে সংরক্ষিত নেই। সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রায়/আদেশ মোতাবেক পিটিশনারদেরকে রাজস্ব বাজেটে আত্মীকরণ করা হয়েছে, বকেয়া বেতন ভাতাদি প্রদান বা চাকুরির ধারাবাহিকতা প্রদান করা সম্ভব হয়নি। উক্ত পত্র পর্যালোচনায় দেখা যায় ৪(চার) জন পিটিশনারের মধ্যে তিন জন পিটিশনারের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণ করা হয়েছে। অপর একজন পিটিশনারের আত্মীকরণের বিষয়ে আত্মীকরণ আদেশে কিছু উল্লেখ করা হয়নি। অর্থাৎ মামলার রায় পুরোপুরি বাস্তবায়ন হয়েছে কি না তা সুস্পষ্ট নয়। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক ৮০৫২/২০১২নং রিট পিটিশনের রায় পুরোপুরি বাস্তবায়ন না হয়ে থাকলে কেন বাস্তবায়ন করা হয়নি সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮০৫২/২০১২ মামলার গত ৩০/০৭/২০১৩খ্রিঃ তারিখের রায় পুরোপুরি বাস্তবায়ন হয়েছে কি না সে বিষয়ে সঠিক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে নোটিশ প্রদানকারী আইনজীবীর নিকট ও স্থানীয় সরকার বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব হ্রস্বরূপ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। উপসচিব (পাস-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (গত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। জনাব মোঃ মোবারক আলী, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (চেম্বারঃ আকবর মহল, নীচ তলা, ১৫৩/৩, মালিবাগ বাজার রোড, ঢাকা-১২১৭);
- ৫। অফিস/মাস্টার কপি।